গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২০.২২. ১১০২-৭/৩ তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

অফিস আদেশ

যেহেতু শেখ মোঃ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে বিগত ০৪.০১.২০২২ তারিখ হতে ২২.০৩.২০২২ তারিখ পর্যন্ত মোট ৫৫ (পঞ্চান্ন) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিতির কারণে সমবায় অধিদপ্তরের ১৮.০৫.২০২২ তারিখের-৪৭.৬১.০০০০.০০৪.০৮.২৮৯.১৩.৫২০ নং স্মারক মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে ১৩ (২১-২২) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী শেখ মোঃ ফারুক সুমন বিগত ২১.০৯.২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ১১.১০.২০২৩ এবং ৩০.০৬.২০২৬ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারীর ব্যক্তিগত শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা আছে মর্মে প্রমাণ পাওয়া গেছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৫.০২.০১৮.২১.৪৮৮, তারিখ: ০৬.০৪.২০২২ এর নির্দেশনা মোতাবেক চালান নং- ২৩, তারিখ: ১২.১০.২০২২ মূলে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে ৫০ (পঞ্চাশ) দিনের টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন এবং ভবিষ্যতে এ ধরণের ভুল করবেন না মর্মে অঙ্গীকার করেছেন;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব পর্যালোচনায় শেখ মোঃ ফারুক সুমন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায়, তার দোষ স্বীকার করায় ও অনুপস্থিত ৫০ দিনের বেতন বাবদ মোট= ২০,৭১৫/- (বিশ হাজার সাতশত পনেরো) টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(১)(ক) বিধি অনুসরণে লঘুদণ্ড দণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব শেখ মোঃ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক, সমবায় অধিদপ্তর, ঢাকা -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(১)(ক) উপবিধি মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২০.২২. ১১০২/১(৬)-৭/৩ তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল।
২। জেলা সমবায় কর্মকর্তা, বরগুনা।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরগুনা।
৪। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। জনাব শেখ মোঃ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক, সমবায় অধিদপ্তর, ঢাকাও
৭। সংশ্লিষ্ট নথি।

০৫/০৭/২০২৬

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

F:\Nurual Islam\Allegation.doc